সূরাহ্ সা-দ এর সাজদাহ্ অত্যাবশ্যক সাজদাহ্সমূহের মধ্যে গণ্য নয়, তবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি তা তিলাওয়াতের পর সাজদাহ্ করতে দেখেছি।

ইবন ‘আব্বাস রাদয়িাল্লাহু ‘আনহু হতে বর্ণিত। তিনি বলেন, সূরাহ্ সা-দ এর সাজদাহ্ অত্যাবশ্যক সাজদাহ্সমূহের মধ্যে গণ্য নয়, তবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -
কে আমি তা তিলাওয়াতের পর সাজদাহ্ করতে দেখেছি। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

“সা-দ এর সাজদাহ্ অত্যাবশ্যক সাজদাহ্সমূহের মধ্যে গণ্য নয়” হাদীসটির অর্থ: অর্থাৎ সূরা সা-দ এর তিলাওয়াতের সেজদা সুন্নাত ওয়াজিব নয়। কারণ, তা করার গুরুত্বের ওপর কোন নির্দেশমুলক বর্ণনা বর্ণিত হয়নি। বরং সংবাদের বাক্য বর্ণিত। দাঊদ আলাইহিস সালাম তা করেছেন আল্লাহর জন্য তাওবা করার উদ্দেশ্যে। আর আল্লাহ তা‘আলা দাউদ আলাইহিস সালামকে ক্ষমা দ্বারা অনুগ্রহ করেছে তার শুকরিয়া আদায়ার্থে আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি সালাম সেজদা করেন। নাসা‘ঈর বর্ণনায় তা প্রমাণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “দাউদ আলাইহিস সালাম সেজদা করেছেন তাওবা স্বরূপ আর আমরা সেজদা করবো শুকরিয়া হিসেবে”।

https://sunnah.global/hadeeth/bn/show/11238